# জুলাইয়ের আন্দোলন ছিল জমে থাকা ক্ষোভের প্রকাশ: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

দীর্ঘদিন ধরে মানুষের মধ্যে জমে থাকা ক্ষোভ ও অসন্তোষই জুলাইয়ের গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে প্রকাশ পেয়েছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য রুহুল কবির রিজভী।

রোববার (১৬ আগস্ট) জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে আয়োজিত ‘জুলাইয়ের চেতনা ও আগামীর বাংলাদেশ’ শীর্ষক আলোচনা সভায় বক্তব্যকালে তিনি এ মন্তব্য করেন।

রিজভী বলেন, জুলাইয়ের চেতনা শুধু একটি আন্দোলনের স্মৃতি নয়; এর সঙ্গে গণতন্ত্র প্রতিষ্ঠা ও রাজনৈতিক বহুত্ববাদ নিশ্চিত করার বিষয়টি জড়িত। ভবিষ্যতে যাতে দেশে আর কোনো স্বৈরাচারী বা ফ্যাসিবাদী শক্তি জায়গা করে নিতে না পারে, সে বিষয়ে সবাইকে সতর্ক থাকতে হবে।

তিনি বলেন, বহুদলীয় গণতন্ত্রকে শক্তিশালী করার পাশাপাশি জনগণের অধিকার ও মতপ্রকাশের স্বাধীনতা নিশ্চিত করাই জুলাইয়ের চেতনার অন্যতম লক্ষ্য।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এস এম আমানুল্লাহ। এতে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মোহাম্মদ আলী জিন্নাহ, ট্রেজারার অধ্যাপক ড. মো. নাজমুল হোসাইনসহ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।